গাংনী পৌরসভার উপ-পনির্বাচনে মুতালেব কাউন্সিলর নির্বাচিত

গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের উপনির্বাচনে মো: মুতালেব হোসেন পাঞ্জাবী প্রতীকে ৮১৫ ভোট পেয়ে বেসরকারিভাবে কাউন্সিলর নির্বাচিত হয়েছেন।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাবেক কাউন্সিলর বদরুল আলম বদু টেবিল ল্যাম্প প্রতীকে পেয়েছেন ৫৪৭ ভোট। বদরুল আলম বদু’র চেয়ে ২৬৮ ভোট বেশী পেয়ে মো: মুতালেব হোসেন কাউন্সিলর নির্বাচিত হলেন।

ভোট গণনা শেষে বুধবার (২৭ জুলাই)বিকাল ৫ টার দিকে প্রিজাইডিং অফিসার মাহফুজুর রহমান এ ফলাফল ঘোষণা করেন।

এছাড়া কাউন্সিলর প্রার্থী শফিউল আলম উটপাখি প্রতীকে পেয়েছেন ২৫০ ভোট ও সানোয়ার হোসেন পানির বোতল প্রতীকে পেয়েছেন মাত্র ৪৯ ভোট।

গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের মোট ২৪৬২ ভোটের মধ্যে ১৬৬১ ভোট পোল হয়েছে বলে জানান প্রিজাইডিং অফিসার।

উল্লেখ্য, চলতি বছরের ২৫ মার্চ ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর মকছেদ আলী দৌলদিয়া ঘাটে গিয়ে স্ট্রোক জনিত কারণে মারা গেলে এই ওয়ার্ডের কাউন্সিলর শুণ্য ঘোষণা করেন।

এদিকে মোতালেব হোসেন উপনির্বাচনে কাউন্সিলর নির্বাচিত হওয়ায় মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌর সভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, এমপি পত্নি ও আওয়ামীলীগ নেত্রী লাইলা আরজুমান বানু, সাবেক ছাত্র নেতা সাহিদুজ্জামান শিপুসহ আওয়ামীলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মী, সুশীল সমাজের নেতৃবৃন্দ ও সামাজিক সাংস্কৃতিক সংগঠণের নেতা কর্মীরা অভিনন্দন জানিয়েছেন।

উল্লেখ্য, গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের এই উপনির্বাচন ঘীরে বড় বড় নেতাদের ভোটের মাঠে ছিল সরব উপস্থিতি।

বিশেষ করে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী,

গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনসহ দ্বিতীয় ও তৃতীয় সারির নেতা কর্মী পরাজিত প্রার্থী বদরুল আলম বদুর পক্ষে প্রকাশ্যে মাঠে নেমে ভোট প্রার্থনা করেছেন। দফায় দফায় তারা নিজেদের কর্র্মী সমর্থক ও ভোটারদের নিয়ে খানা করা ছিল দেখার মত। এদিকে জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বদরুল আলম বুদুর পক্ষে ভোটের মাঠে দেওয়া বক্তব্য আবারো ভাইরাল হয়েছে। এনিয়ে সমালোচনাও হয়েছে জোরে সোরে।

এদিকে নবনির্বাচিত কাউন্সিলর মুতালেব হোসেনের পক্ষে মেহেরপুর-২ আসনের এমপি মো: সাহিদুজ্জামান খোকন সমর্থন দিলেও তাকে মাঠে নেমে ভোট করতে দেখা যায়নি। তবে, সাবেক ছাত্র নেতা সাহিদুজ্জামান শিপু ও তার বিশাল কর্মী বাহিনী ছিল ভোটের মাঠে মুতালেব হোসেনের ভোট যুদ্ধে।

ঝিনাইদহে পৌর কাউন্সিলর ইসমাইল হত্যা মামলায় একজনের যাবজ্জীবন

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার সাবেক কাউন্সিলর ও পৌর বিএনপি নেতা ইসমাইল হোসেন হত্যা মামলায় একজনকে যাবজ্জীবন কারাদন্ড প্রদান ও তিনজনকে বেকসুর খালস প্রদান করেন আদালত।

বুধবার দুপুরে অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক শওকত হুসাইন এ রায় প্রদান করেন। যাবজ্জীবন দন্ডপ্রাপ্ত শাহাজান একই উপজেলার চাপালি গ্রামের লুৎফর রহমানের পুত্র।

মামলার নথি থেকে জানা যায়, কালীগঞ্জ পৌরসভার সাবেক কাউন্সিলর ও পৌর বিএনপির সহ-সভাপতি ইসমাইল হোসেন ২০১৪ সালের মে মাসের ১৩ তারিখে ফজরের নামাজ পড়ে বাইকে করে চাপালি গ্রামে ধানখেত দেখে বাড়ি ফিরছিলো। এ সময় আসামী শাহাজানসহ অনান্যরা চাপালী সড়কে মোটরসাইকেলের গতিরোধ করে কুপিয়ে জখম করে। এ সময় আহত ইসমাইলকে

যশোর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ হত্যার ঘটনায় ওইদিন কালীগঞ্জ থানায় নিহতের স্ত্রী জাহানারা বেগম বাদি হয়ে চারজনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে।

মামলাটি দীর্ঘ ৯ বছর চলাকালীন উভয পক্ষের স্বাক্ষ্যগ্রহন শেষে আদালত অভিযুক্ত শাহাজানকে যাবজ্জীবন কারাদন্ড প্রদান ও আসামী আজিজার, আব্বাস আলী ও আতিয়ারকে এ মামলা থেকে বেকসুর খালাশ প্রদান করেন। মামলায় সরকার পক্ষে অতিরিক্ত পিপি আব্দুল খালেক ও আসামীপক্ষে রাশিদুল হাসান জাহাঙ্গীর মামলাটি পরিচালনা করেন।

১১৫ বিঘা জমির লিজের টাকা সিণ্ডিকেটের পকেটে!

অবহেলা আর অযত্নে শহীদ হামিদের কবর, টয়েলেটের পাশে শহীদ মিনার, নেই বিদ্যালয়ের কোন উন্নয়ন

সুষ্ঠ শিক্ষার পরিবেশ, শিক্ষার মানউন্নয়ন ও প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর উন্নয়ন না হলেও, উন্নয়ন হয়েছে গুটিকয়েক শিক্ষকের অর্থনৈতিক অবস্থার। মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের কোটি কোটি টাকার সম্পত্তি থেকে পাওয়া অর্থ প্রধান শিক্ষকসহ সিণ্ডিকেটের পকেটে গেলেও হয়নি বিদ্যালয়ের কোন উন্নয়ন।

মেহেরপুরের ঐতিহ্যবাহী এই বিদ্যালয়টির লেখাপড়ার মান দিনদিন এতটাই নিম্নগামী যে, বিদ্যালয়টিতে কোনো সচেতন মহল এখন তাদের সন্তানদের ভর্তি করাতে চাননা। অবস্থা এখন এমন যে, শিক্ষার্থী কমতে কমতে সংকটে স্কুলটি। স্বয়ং একথাটি জানিয়েছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, বিদ্যালয় ক্যাম্পাসের চারদিকে ঝোঁপ জঙ্গলে লতাপাতায় ভরে গেছে। খেলার মাঠটি ছোট ছোট কাগজ, মাঝে মাঝে খানা খন্দে ভরা ময়লা আর আবর্জনার ভাগাড়ে পরিণত হয়েছে। বিদ্যালয়ের পূর্ব পাশে টয়লেটের সামনেই রয়েছে শহিদ মিনার। আর দক্ষিণ পাশে এই বিদ্যালয়ের গর্বিত সন্তান শহীদ আব্দুল হামিদের

কবর থাকলেও সেটি এখন ভগ্নদশায় পরিণত হয়েছে।

শহীদ আব্দুল হামিদ এই বিদ্যালয়ের প্রাক্তণ ছাত্র হলেও বিদ্যালয় কর্তৃপক্ষের অবহেলায় এই শহীদের কবরটি এখন বিলীনের পথে। ২৫/৩০ কোটি টাকার সম্পদ থেকে প্রতি বছর ১০/১৫ লক্ষ টাকা আয় হলেও বিদ্যালয়ের অবকাঠামো কোনো উন্নয়ন করা হয়নি। প্রধান শিক্ষকের রুমে জাতীর পিতা বঙ্গবন্ধু ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রী শেখ হাসিনার ছবি থাকলেও ছবি দুটি না টানিয়ে রেখে প্রধান শিক্ষকের রুমের এক কোনায় রাখা আলমিরার উপর অযত্নে রাখা হয়েছে। আজো গড়ে ওঠেনি বিদ্যালয়ের চারদিকে বাউন্ডারী প্রাচীর। এখনো খোলা রয়েছে তিনপাশ। সাম্প্রতিক সময়ে জেলা পরিষদ ২ লাখ টাকা বরাদ্দ দিয়েছে বলে জানান প্রধান শিক্ষক। সে টাকায় এই প্রথম পতাকা স্ট্যান্ড ও বিদ্যালয়ের পশ্চিম পার্শের বাউন্ডারী প্রাচীর দেওয়া হবে বলেও জানান প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে দেওয়া একটি চিঠিতে নাম প্রকাশ না করে কয়েকজন শিক্ষক জানান, গোপনে সোনালী ব্যাংকে আরেকটি এ্যাকাউন্ট খোলা হয়েছে। সেখানে বিভিন্ন অনুদানের টাকা জমা করা হয়। এ্যাকাউন্টটি পরিচালনা করেন প্রধান শিক্ষক ও একজন জুনিয়র শিক্ষক। বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী। শিক্ষকদের মন্ত্রীর ভয় দেখিয়ে চুপ করিয়ে রাখা হয়। গত ১১ মাস বিদ্যালয়ের অভ্যন্তরিণ বেতন শিক্ষকদের দেওয়া হয়নি। শিক্ষক প্রতিনিধি নির্বাচনের সময় শিক্ষকদের ভোট নেওয়া হয়। গোপনীয়তা রক্ষা করে ব্যবস্থাপনা কমিটিও গঠণ করা হয়। কোন শিক্ষক প্রতিবাদ করলেই সাসপেণ্ড করার ভয় দেখানো হয়।

বিদ্যালয়ের ২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফলাফল দেখা গেছে, ৪৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ২৩ জন পাশ করে। এই ফলাফলে দেখা গেছে, বিজ্ঞান বিভাগে জিপিএ ফোর পেয়েছে মাত্র ১ জন, জিপিএ ৩.৫ পেয়েছে ৩ জন, ৩.০০ পেয়েছে ২ জন, কলা বিভাগে জিপিএ ৩.৫ পেয়েছে ১ জন, ৩,০০ পেয়েছে ২ জন, বানিজ্য বিভাগে জিপিএ ৩.৩০ পেয়েছে ১ জন ও ২.০০ পেয়েছে ১ জন মাত্র। অন্যান্য বছরেও একই পরীক্ষার ফলাফল একই রকম বলে জানান শিক্ষার্থীরা।

স্থানীয়রা জানান, বারবার শহীদ আব্দুল হামিদের কবরটি বাঁধার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানালেও সে অনুরোধ কোনো কাজে আসেনি। উপেক্ষিত থেকেছে কবরটির বাধার অনুরোধ। অথচ, বিদ্যালয়ে মেহেরপুরের পিচ কমিটির চেয়ারম্যান সাবদার আলী মৃত্যু বার্ষিকী ও

জন্ম বার্ষিকী পালন করা হয়েছে নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে, এমন অভিযোগ স্থানীয়দের।
একটি বিশস্থ সূত্রে জানা গেছে, শিক্ষার্থীদের কাছ থেকে বেতন, সেশন ফি, জেএসসি এবং এসএসসির রেজিষ্ট্রেশন ফি ও পরীক্ষার ফরম পূরণ বাবদ অতিরিক্ত অর্থ আদায়সহ বিভিন্ন খাত থেকে ভুয়া ভাউচারের মাধ্যমে অর্থ আত্মসাৎ করেছেন বলেও অভিযোগ উঠেছে।

সূত্রটি জানায়, শিক্ষার্থীদের নম্বরপত্র ও সনদ বিতরণে অবৈধভাবে অর্থ গ্রহণ, অষ্টম ও নবম শ্রেনীর রেজিস্ট্রেশন বাবদ অতিরিক্ত ফি আদায়ের পাশাপাশি বিভিন্ন শিক্ষাবর্ষে এসএসসি ও জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সার্টিফিকেট (বিনামূল্য) প্রদানে ৩০০ থেকে ৪০০ টাকা করে আদায় করছেন।

জানা যায়, প্রাক্তন প্রধান শিক্ষক শহিদুল ইসলাম স্কুল থেকে অবসরে যাওয়ার পর ২০১৯ সালেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ পান বর্তমান প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

দায়িত্ব পাওয়ার পর থেকে সানজিদা ইসলাম প্রতি বছরের জানুয়ারি মাসে শিক্ষার্থীদের ভর্তি ফি ও সেশন ফিসহ বিভিন্ন খাতের লাখ লাখ টাকা নানা অজুহাতে আদায় করেছেন।

জানা গেছে কবি নজরুল শিক্ষা মঞ্জিলের নামে কাথুলি মৌজার ১৭৩ নং খতিয়ানের ২, ৩, ৫, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ৪, ৬ ৭ নং দাগে ৩৭.৯৬ একর বা ১১৫ বিঘা জমি রয়েছে। এর মধ্যে ৩০ শতক জমিতে একটি ও ১.২৮ একর জমিতে অপর একটি পুকুর, ৬ শতক জমিতে একটি মন্দির ও ১.২৬ একর জমি ভিটা। স্থানীয়দের হিসেব মতে কবি নজরুল শিক্ষা মঞ্জিলের ওই জমির বর্তমান বাজার দর ২৫ থেকে ৩০ কোটি টাকা।

এই ১১৫ বিঘা জমি থেকে প্রতি বছরে বিঘা প্রতি ১০ হাজার টাকা পেলেও ১১ লাখ টাকা পাওয়া যায় লিজ বাবদ।
কাথুলি গ্রামের আফছুল হক জানান, প্রতি বছর ১০ হাজার টাকা লিজ হিসেবে ১৭ কাঠা জমি আমি চাষ করি। এর আগে লিজের অংক কম থকলে এখন এই হিসেবেই দেওয়া লাগে। এই মাঠের জমি সব্জী আবাদের জন্য প্রসিদ্ধ বলে চাহিদাও প্রচুর।
হেলাল উদ্দীন বলেন, আমি কবি নজরুল শিক্ষা মঞ্জিলের ১ বিঘা জমি লিজ নিয়েছি। এই জমি দীর্ঘদিন যাবৎ চাষ করি। বিঘা প্রতি বাৎসরিক ১০ হাজার টাকা লিজ খরচ দিতে হয় বলে জানান তিনি। বছরে দুই বার স্কুলের শিক্ষকরা এসে প্রতি বছর লিজের টাকা নিয়ে যান।

ওই গ্রামের ছমির আলী বলেন, প্রায় ২০/২৫ বছর ধরে ২ বিঘা জমি লিজ/বর্গা নিয়ে চাষ করছি। কয়েক বছর থেকে বাৎসরিক ১০ হাজার টাকা দিতে হচ্ছে।
গ্রামের রুস্তুম আলী ২২ কাঠা জমি চাষ করেন। তিনি বলেন, এই মাঠে বাৎসরিক ১২ থেকে ১৫ হাজার টাকা দিয়ে ১ বিঘা জমি লিজ নিতে হয়। সেইক্ষেত্রে কবি নজরুল শিক্ষা মঞ্জিলের জমি বাৎসরিক ১০ হাজার টাকায় পাওয়া যায়। তাই এই জমির চাহিদা বেশ আছে।

নবম ও দশম শ্রেনীর কয়ক জন শিক্ষার্থী নাম প্রকাশ না করার শর্তে জানান, শহীদ আব্দুল হামিদ নামের কারোর নাম শুনিনি কখনো। স্কুলের ফিল্ডের পাশে একটি ভাঙাচুরা কবর আছে দেখেছি। কিন্তু কবরটি কার তা বলতে পারবো না।তারা আরো বলে, মুক্তিযোদ্ধা ও মুক্তিযুদ্ধের কোনো গল্পও কখনো শোনাননি স্যাররা।

টয়লেটের পাশে একটি শহীদ মিনার থাকলেও কোনো দিবসে সেখানে কোনো কিছু করা হয়না। জাতীয় দিবসও দায়সারাভাবে পালন করা হয় বলে জানায় এসব শিক্ষার্থী।

মেহেরপুর পৌরসভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর, শহীদ পরিবারের সন্তান নুরুল আশরাফ রাজীব বলেন, নজরুল শিক্ষা মঞ্জিলটি শিক্ষা এবং অন্যান্য কোনো কিছুতেই সামনের দিকে এগুতে পারিনি। আমি যতটুকু তাদের পরীক্ষার ফলাফল সমন্ধে জানি, অত্যন্ত খারাপ। শহীদ মিনার এবং একজন শহীদের কবর এত অবহেলিত। যেটা ভাবলেই শরীর শিউরে ওঠে। ওই বিদ্যালয়ের কোনো শিক্ষকদেরই নৈতিক কোনো চেতনা নেই বলেই মনে হয়।

মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু বলেন, একটি শিক্ষা প্রতিষ্ঠানে একজন শহীদের কবর অবহেলায় পড়ে থাকা খুবই দু:খজনক। আমি স্কুল কর্তৃপক্ষকে এবং একই সাথে জেলা প্রশাসনকে অনুরোধ করবো শহীদ হামিদের কবরটি পাকাকরণ করার জন্য।

মেহেরপুরের মুক্তিযোদ্ধার সন্তান ও গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার মাহাবুবুল হক মন্টু বলেন, শহীদ মিনার ও একজন শহীদের কবর যেভাবে অবহেলায় পড়ে আছে। এ ধরনের অবহেলা অত্যন্ত দু:খজনক। এটা মুক্তিযুদ্ধের চেতনার পরিপন্থি। বিষয়টি আমি নিজেও ওই প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে বলেছি। কিন্তু তারা কোনো পদক্ষেপ নেইনি। বিষয়টি স্কুল কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট যারা রয়েছেন সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম বলেন, আমি ২০১৯ সালে প্রধান শিক্ষক হিসেবে যোগদান করার সময় চেয়ার, টেবিল বেঞ্চ পর্যন্ত ছিলনা। আমি আসার পর বিদ্যালয়ের যতটুকু উন্নয়ন দেখা যাচ্ছে সেটা করেছি। টয়লেটের পাশে শহীদ মিনার প্রসঙ্গে বলেন, এটা তো আগের কমিটি ও প্রধান শিক্ষকের সময় নির্মাণ করা হয়েছে। আপনারা সাংবাদিকরা এটি আগে দেখেননি কেনো? আমি কমিটির সাথে মিটিং করে এর সমাধান করবো। এছাড়া শহীদ হামিদের কবর প্রসঙ্গে তিনি বলেন, আমি তার পরিবারের কাছে শহীদ হামিদের মুক্তিযুদ্ধের কাগজপত্র চেয়েছি। তার পরিবারের পক্ষ থেকে কাগজপত্র দিয়ে সহযোগীতা করেনি। যার কারণে, কবরটি বাঁধা সম্ভব হয়নি। প্রধান শিক্ষক নিজে শহীদ পরিবারের সন্তান দাবী করলেও সকল শহীদের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট নেই এমন কথা শোনেননি বলে জানান তিনি।

বিদ্যালয়ের ১১৫ বিঘা জমি আছে উল্লেখ করে প্রধান শিক্ষক বলেন ১১৫ বিঘা জমির মধ্যে ৮০ বিঘা জমি স্থানীয়দের কাছে লিজ দেওয়া আছে। সেখান থেকে বছরে ৩ থেকে ৪ লাখ টাকার মত লিজের টাকা পাওয়া যায়। সে টাকায় বিদ্যালয়ের শিক্ষকদের বেতনভাতা দেওয়া হয়। যদিও বিদ্যালয়ের শিক্ষকদের স্কুলের বেতন এক বছর দেওয়া সম্ভব হয়নি। বিদ্যালয়ের জমির লিজের টাকা থেকে বিদ্যালয়ের একজন শিক্ষককে ৬ হাজার ও একজনকে ৫ হাজার টাকাসহ জৈষ্ঠতার ভিত্তিতে ২ হাজার থেকে শুরু করে শিক্ষক কর্মচারীদের প্রতি মাসে ৭২ হাজার টাকা দিতে হয়। বিদ্যালয়ে ৩১০ জন শিক্ষার্থীর মধ্যে ৮৫ জন ছাত্রী রয়েছে। তবে, করোনার কারনে বিগত বছরে অনেক শিক্ষার্থী ঝরে গেছে বলেও জানান প্রধথান শিক্ষক। বিদ্যালয়ের নবম ও দশম শ্রেনীর শিক্ষার্থীর মাসিক বেতন ২০০ টাকা, অষ্টম শ্রেনীর ১৫০ টাকা ও ৬ষ্ঠ ও ৭ম শ্রেনীর বেতন ১২০ টাকা বলে জানান তিনি।তবে, শিক্ষার্থীদের বেতন থেকে কতটাকা আয় হয় সেটা জানাতে পারেননি।

বিদ্যালয়ের নিয়মিত অভ্যন্তরিন মিটিং এ সকল ধরণের অর্থনৈতিক হিসাব নিকেশ পাশ করিয়ে নেয়া হয়। এছাড়া ২০১৯ সালে মন্ত্রণালয়ের অডিট হয়েছে বলে জানান তিনি।

সানজিদা ইসলাম আরো বলেন, বিদ্যালয়ের পরিচালনার জন্য একটি ব্যবস্থাপনা কমিটি রয়েছে। আমি একা কোনো সিদ্ধান্ত নিতে পারিনা। সেই কমিটির মাধ্যমেই বিদ্যালয়ের উন্নয়নসহ সব ধরণের কার্যক্রম হাতে নেয়া হয় এবং সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী বর্তমান কমিটির সভাপতি উল্লেখ করে তিনি বলেন, সামনের মিটিং এ শহীদ মিনার এবং শহীদ হামিদের কবরের ব্যাপারে

আলোচনা করবো।

তবে, বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক বলেন ২০১৯ সালের মন্ত্রণালয়ের অডিটের একটি কপি তাদেরও প্রয়োজন।

রবীন্দ্র ও নজরুলসংগীত আর গাইবেন না হিরো আলম

অনুমতি ছাড়া পুলিশের পোশাক পরবেন না এবং বিকৃত করে রবীন্দ্র ও নজরুলসংগীত গাইবেন না বলে জানিয়েছেন বাংলাদেশে আলোচিত আশরাফুল আলম সাঈদ ওরফে হিরো আলম।

কয়েকজনের অভিযোগের ভিত্তিতে হিরো আলমকে জিজ্ঞাবাসাদ করে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। এ বিষয়ে ডিবিকে মুচলেকা দিয়েছেন হিরো আলম।

ডিএমপির সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম বিভাগের ডাকে আজ বুধবার সকালে মিন্টো রোডের ডিবি কার্যালয়ে উপস্থিত হন হিলো আলম। সেখানে তাকে নানা বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হয়।

ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের সম্মেলনকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন ডিএমপির অতিরিক্ত কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন-অর-রশিদ।

মোহাম্মদ হারুন-অর-রশিদ বলেন, হিরো আলমের বিরুদ্ধে ডিবি সাইবার ক্রাইম বিভাগের কাছে অজস্র অভিযোগ। এই পরিপ্রেক্ষিতে আজ তাকে ডাকা হয়।

মোহাম্মদ হারুন-অর-রশিদ বলেন, ‘হিরো আলমের কথা আর কী বলব! পুলিশের যে পোশাক, যে ধরন, ডিআইজি–এসপির যে পোশাক, তা না পরে কনস্টেবলের পোশাক পরে ডিআইজি, এসপির অভিনয় করছে।’

ডিএমপির কমিশনার শিল্পী সমিতিতে বলেছেন, পুলিশের পোশাক পরে অভিনয় করতে হলে অনুমতি নিতে হবে। হিরো আলম শিল্পী সমিতির সদস্যও

নন। অথচ তিনি অনুমতি ছাড়া পুলিশের পোশাক পরছেন। কনস্টেবলের ড্রেস পরে এসপি–ডিআইজির অভিনয় করছেন। এটা তিনি জানেনও না।

হিরো আলমের গাওয়া রবীন্দ্রনাথ ঠাকুর ও নজরুল ইসলামের গানের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনার সৃষ্টি করে। এ নিয়ে বিতর্কের সৃষ্টি হয়।

ঝিনাইদহে পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি চক্রের চার সদস্য গ্রেফতার

ঝিনাইদহে পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে ঝিনাইদহ ডিবি পুলিশ।

মঙ্গলবার মধ্যরাতে ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার পৌর মার্কেটের একটি কম্পিউটারের দোকান থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামের আব্দার রহমানের ছেলে বর্তমান ঝিনাইদহ শহরের আরাপপুর চানপাড়ার বাসিন্দা আসানুর রহমান ফুলজার, তার ছেলে নাসিম রেজা, উত্তর কাস্টসাগরা গ্রামের আব্দুস সোবাহান মুন্সির ছেলে আব্দুল মতিন ও নৃসিংহপুর গ্রামের সুবল সেনের ছেলে সুকান্ত সেন।

ঝিনাইদহ ডিবির ওসি আনোয়ার হোসেন জানান, পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি করে ওই চক্র মানুষের কাছ থেকে কাড়িকাড়ি টাকা হাতিয়ে নিচ্ছিল। খবর পেয়ে মাঠে নামে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ও ঝিনাইদহ ডিবির একটি টিম। তারা অভিযান চালিয়ে জালিয়াতির কাজে ব্যবহৃত সরঞ্জামসহ তাদের গ্রেফতার করতে সক্ষম হয়।

এ সময় তাদের কাছ থেকে ভুয়া পুলিশ ক্লিয়ারেন্স, জাল সীল, চালাম ফরম, পাসপোর্ট ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, নাগরিক ও চারিত্রিক সনদ পত্রের ফটোকপি, কম্পিউটারের হার্ডডিক্স ও মোবাইল উদ্ধার করে।

এ বিষয়ে আজ বুধবার ঝিনাইদহ সদর থানায় একটি মামলা হয়েছে।

লক্ষ্য সিরিজ জেতা, তবে সহজ হবে না: তাসকিন

মঙ্গলবার রাতে জিম্বাবুয়ের উদ্দেশে ঢাকা ছেড়েছে বাংলাদেশ দল। তিনটি টি-টোয়েন্টি ও সমসংখ্যক ওয়ানডে খেলতে জিম্বাবুয়ে গেছেন টাইগাররা। দেশ ছাড়ার আগে দলের তারকা পেসার তাসকিন আহমেদ জানিয়েছেন, জিম্বাবুয়ের মাটিতে লক্ষ্য থাকবে সিরিজ জেতার, তবে সেটি সহজ হবে না।

তাসকিন বলেন, ‘ভালো ফল আশা করছি। তবে ওদের মাঠে ওদের বিপক্ষে কষ্ট করেই জিততে হয়। গতবছর খেলেছিলাম, প্রতিটি ম্যাচই কিন্তু আমাদের কঠিন সময় দিয়েছিল ওরা। এবারও কষ্ট করে জিততে হবে। অবশ্যই লক্ষ্য থাকবে সিরিজ জেতার। তবে সহজ হবে না।’

তিনি বলেন, ‘ব্যক্তিগত লক্ষ্য একই থাকবে। আগের বারের মতো এবারও সেরাটা দেওয়ার চেষ্টা থাকবে। দলকে জেতানোর পেছনে আমার যেনো অবদান থাকে। নতুনত্ব নিয়ে কাজ করছি। তবে সবকিছু নির্ভর করবে কেমন ধরনের উইকেট থাকবে, কেমন বোলিং করা যায় ওটাই আর কি।’

তরুণদের নিয়ে গড়া দলের দায়িত্ব দেওয়া হয়েছে নুরুল হাসান সোহানের কাঁধে। ঘরোয়া ক্রিকেটে সাফল্যের সঙ্গে দলকে নেতৃত্ব দেওয়া সোহান, আন্তর্জাতিক মঞ্চেও ভালো করবে বলে বিশ্বাস তাসকিনের। মঙ্গলবার রাতে বিমানবন্দরে এ কথাই জানিয়ে গেলেন এই পেসার।

‘সোহান আশা করি অবশ্যই ভালো করবে। ঘরোয়া ক্রিকেটে তো সবসময় ভালো করে। যদি আন্তর্জাতিক ক্রিকেট আলাদা। তবে আশাবাদী সেখানেও সে ভালো করবে।’

এ সময় পেস ডিপার্টমেন্ট নিয়ে আশার কথা জানিয়ে তিনি আরও বলেন, ‘পেস ডিপার্টমেন্ট নিয়ে আমরা আশাবাদী। গত দুই বছর ধরেই কিন্তু মাশাআল্লাহ্ উন্নতি হচ্ছে। এখনও আমরা আমাদের স্বপ্নের জায়গায়

পৌঁছতে পারিনি। তবে আমরা চেষ্টা করে যাচ্ছি। আগের চেয়ে ভালো অবস্থানে আছি।’

ব্যক্তিগতভাবে সিরিজটি ভালো কাটেনি তাসকিনেরও। দুই ম্যাচে সুযোগ পেয়ে ৬ ওভারে খরচ করে বসেন ৫৬ রান, পাননি উইকেটের দেখা। অবশ্য সেই সফরের টেস্ট সিরিজে ব্যাট হাতে খেলেছিলেন ক্যারিয়ারসেরা ৭৫ রানের ইনিংস। এবার সেরাটা দেওয়ার চেষ্টার কথা জানিয়েছেন তাসকিন।

গত বছর জুলাই মাসেই জিম্বাবুয়ের মাটিতে টি-টোয়েন্টি সিরিজ খেলেছিল বাংলাদেশ। সেই সিরিজে ২-১ ব্যবধানে জিতেছিল টাইগাররা। তবে সিরিজের দ্বিতীয় ম্যাচ জেতার তৃতীয় ম্যাচেও ১৯৩ রানের বড় সংগ্রহ দাঁড় করিয়ে কঠিন পরীক্ষা নিয়েছিল স্বাগতিকরা।

মেহেরপুরে পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযান চালিয়ে ২ আসামী গ্রেফতার করেছে।

নিয়মিত মামলার ১ আসামী গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ অপরদিকে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ আসামী গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে আজ বুধবার (২৭ জুলাই) ভোররাত পর্যন্ত এই দুই আসামীকে গ্রেফতার করে। এসময় মাদক আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা রুজ্জু হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ অভিযানের নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

সরকারি স্কুলের মসজিদের স্টিয়ারিং প্রভাবশালীদের হাতে

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের জমিতে গড়ে ওঠা মসজিদে কথিত কমিটি গঠণ করে মসজিদটি দখল নিয়ে পরিচালনা করছে একটি প্রভাশালী মহল। কথিত ওই কমিটির সদস্যরা এখন শুধু মসজিদ নয়, বিদ্যালয়ের আরও জমি দখলের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এমন অভিযোগ করেছেন প্রধান শিক্ষক।

বিদ্যালয়ের অন্যান্য জমিতে অবৈধভাবে মাটি ভরাট ও টিনের বেড়া দিয়ে ১০ তলা ভবনের জন্য নিদির্ষ্ট যায়গা ও প্রধান শিক্ষকের কোয়ার্টার ক্যাম্পাস এলাকা মসজিদের সীমানার অন্তর্ভূক্ত করার অভিযোগ এনে প্রধান শিক্ষক খোরশেদা আলম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অদিপ্তরের মহাপরিচালকের কাছে ইতোমধ্যে লিখিত আবেদন জানিয়েছেন।

এদিকে জমি দখলের অপচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ করায় ওই মহলটি এখন প্রধান শিক্ষক খোরশেদা আলমকে বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের সামনে বিভিন্ন সময় অশালিন ভাষায় কথাবার্তা বলছেন বলেও অভিযোগ করেছেন তিনি।

সম্প্রতি কার্যনির্বাহী সভাপতি ঠিকাদার জহিরুল ইসলাম মিয়া, সাধারণ সম্পাদক ঠিকাদার আবু সালেহ আবলু, সহ-সভাপতি আবুল কাশেমকে দেখিয়ে একটি কমিটি গঠণ করেছে ওই প্রভাবশালী মহলটি। তবে, প্রধান শিক্ষককে কোনো কিছু না জানিয়েই মসজিদের সকল কার্যক্রম করে থাকেন কমিটির ওই সদস্যরা।

মসজিদের সিঁড়ি ও দ্বিতীয় তলা নির্মাণ কাজ শুরু হলেও প্রধান শিক্ষক খোরশেদা আলমকে কিছুই জানাইনি কমিটি।
প্রধান শিক্ষক খোরশেদা আলম বলেন, সরকারি জমি জোর করে দখল নিয়ে একটা ধর্মীয় প্রতিষ্ঠান গড়া। সেখানে নামাজ হবে কিনা এ প্রশ্ন

করেন তিনি। মসজিদটি বিদ্যালয়ের জমিতে হলেও কমিটি গঠণ করেছে প্রভাবশালী একটি মহল। এই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক আমি, সরকারি এই জায়গাটির তত্বাবধায়কও আমি। এখানকার এক ইঞ্চি জমি বেদখল হলেই সরকারের নিকট জবাবদিহি করতে হবে আমাকে।

তাহলে এখানে আমাকে না জানিয়ে বাইরের একটি কমিটি মসজিদ পরিচালিত হচ্ছে কিভাবে ? বাইরের কোনো কমিটি দিয়ে স্কুলের মসজিদ পরিচালনা করার কোনো সুযোগ নেই।

মসজিদটি ওই কমিটির দখলে থাকলেও প্রতি মাসে মোটা অংকের বিদ্যুৎ বিল দিতে হচ্ছে স্কুলকে। ২০২২ সালের জুন মাসের বিদ্যুৎ বিলে দেখা গেছে ১৮ হাজার ৬০৪ টাকা। প্রতি মাসেই এই ধরণের মোটা অংকের বিদ্যুৎ বিল গুনতে হচ্ছে বিদ্যালয়কে। বিদ্যুৎ বিলের কাগজ প্রধান শিক্ষক বরাবর আসছে বলেও জানান তিনি। তিনি আরো বলেন, আমার সাথে আলোচনা না করে বিনা অনুমতিতে মসজিদটির সিঁড়ি ও দ্বিতীয় তলার উন্নয়ন কাজ করছেন আবু সালেহ আবলু ও সহসভাপতি আবুল কাশেম। তাদের নিষেধ করতে যাওয়ায় অকথ্য ভাষায় কথাবার্তা বলেছেন আমাকে। এই বিনিয়োগের অর্থের উৎস কি, সরকারি কোনো প্রতিষ্ঠানে এই ধরণের বিনোয়োগ আইনসিদ্ধ না।

বিদ্যালয়ের কম্পিউটার অপারেটর মনিরুল ইসলাম বলেন, আমি কয়েক দিন আগে মসজিদে নামাজ পড়তে গেলে আবুল কাশেম বলেন, তোমার হেড ম্যাডাম তো বাচ্চা পড়াই। সে আবার আমাদের পেছনে লাগতে আসছে কেনো? তোমার হেড ম্যাডামকে বাচ্চাদের পড়াতে বলো।

একই বিদ্যালয়ের অপর সহকারী ধর্মীয় শিক্ষক সিদ্দিকুর রহমান বলেন, আবু সালেহ আবলু আমাকে বলেন আপনার প্রধান শিক্ষক বাচ্চা পড়ানো রেখে আমাদের সব কাজে হাত লাগাচ্ছে কেনো। তাকে নিষেধ করেন।

সাম্প্রতিক সময়ে বিদ্যালয়ের ডাবল শিফট ভবনের উর্দ্ধমুখি কাজের সাথে টয়লেট ব্লকটি পশ্চিম দিকে থাকলেও ওই চক্রটির বাধার মুখে পড়েন ঠিকাদার ও স্কুল কর্তৃপক্ষ। অবশেষে তাদের বাঁধার কারণে ভবনের পিছনে টয়লেটটি করতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সদর উপসহকারী প্রকৌশলী মেহেদী জামান খাঁন বলেন, ডাবল শিফট ভবনের উর্দ্ধমুখী উন্নয়ন কাজের টয়লেট নির্মাণ করতে গিয়ে মসজিদ কমিটির বাধার মুখে পড়ি। পরে সেই ডিজাইন পাল্টিয়ে ভবনের পশ্চিম পাশে না করে পিছনের দিকে করতে বাধ্য হয়েছি। এর ফলে ভবনটির যেমন সৌন্দর্য্য হানি ঘটেছে, তেমনি

সরকারের ব্যায় বৃদ্ধি পেয়েছে। তিনি আরও বলেন, যেখানে বিদ্যালয়ের ১০ তলা ভবনের মাটি থেকে শুরু করে সব কিছু পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে সেখানেই তারা টিন দিয়ে ঘিরে রেখেছে।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, মসজিদটি সরকারি বিদ্যালয়ের জমিতে হলেও কথিত কমিটির সদস্যরা সবাই বাইরের একটি প্রভাবশালী মহল। মসজিদটি বিদ্যালয়ের বাউন্ডারি প্রাচীরের মধ্যে থাকার কথা থাকলেও সেটি বেদখল হয়ে চলে গেছে সাধারণের দখলে। বিদ্যালয়ের পরিত্যক্ত ভবনের পাশে মাটি ভরাট করেছে। এছাড়া আনুমানিক ৫/৬ কাঠা জমি দখল করে টিন দিয়ে ঘিরে রেখেছে। ওই প্রভাবশালী মহলটি একই স্থানে এর আগে একটি কওমি মাদ্রাসার স্থাপন করলেও সেটি ভেঙ্গে ফেলতে বাধ্য হয়েছেন।

প্রধান শিক্ষক খোরশেদা আলম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে দেওয়া অভিযোগের তিনি লিখিছেন, মসজিদ কমিটির সহসভাপতি ও সেক্রেটারীকে মৌখিক নিষেধ করা হয়েছে। এছাড়া কর্তৃপক্ষের সাথে কথা বলার জন্য বারবার অনুরোধ করা হলেও তারা কোনো রকম যোগাযোগ করেনি। নিষেধ করলেও তারা সেখান থেকে ফিরে আসেনি। বরং মসজিদের সীমানার বাইরের জমিতে পাকা ঢালাই দিয়ে সীমানা বৃদ্ধি করে নিয়েছে। তিনি আরো উল্লেখ করে মসজিদটি বিদ্যালয়ের অন্তর্ভূক্ত হলেও মসজিদের কমিটি গঠণ ও উন্নয়ন সম্পর্কিত কোনো বিষয় কর্তৃপক্ষকে অবগত করানো হয়না।

বাইরের লোকজন নিয়ে সরকারি বিদ্যালয়ের জমির মসজিদের কমিটি, এই কমিটির বৈধতা আছে কি এমন প্রশ্নের জবাবে সাধারণ সম্পাদক আবু সালেহ আবলু বলেন, এ নিয়ে সরকারি কোনো পরিপত্র নেই। মসজিদটি স্থাপন হওয়ার পর থেকেই আমার বাপ দাদারা এভাবেই কমিটি তৈরী করে চালিয়েছেন। আমরাও করেছি। এভাবেই আগামীতে এই মসজিদের কার্যক্রম চলবে বলে জানান তিনি। মসজিদের সিঁড়ি ও দোতালার উন্নয়ন কাজ সমন্ধে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও মসজিদ কমিটির সভাপতি জানেনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, এই কমিটির কার্যনির্বাহী সভাপতি মেহেরপুর শহরের ঠিাকাদার জহিরুল ইসলাম মিয়া। তাকে দিয়েই সব কাজ চলে। এছাড়া আমাদের এই মসজিদ নিয়ে সব কিছুই জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে জানানো হয়। তার নলেজে দিয়েই সব কাজ করা হয়।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড মেহেরপুর এর নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর সদর থানার ওসি, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ, মেহেরপুর ২৫০ বেড জেনারেল হাসপাতালের সুপরিনটেন্ডেন্ট ও সদর উপজেলা নির্বাহী অফিসারসহ প্রত্যেকের নিজ নিজ প্রতিষ্ঠানের মসজিদ

সম্পর্কে বলেন, এখানকার প্রতিটি মসজিদের কার্যক্রম নিজেরাই পরিচালনা করে থাকেন। নিজেদের কর্মকর্তা/কর্মচারী দিয়েই মসজিদ পরিচালনা কমিটি গঠণ করে থাকি। বাইরের কোনো লোকের কমিটিতে থাকার সুযোগ নেই এখানে।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন মুসল্লিদের সাথে কথা বললে তারা জানান, এটি সরকারি জমির উপর প্রতিষ্ঠিত একটি মসজিদ। এখানে বাইরের লোকের কমিটি ও তদারকি করার কি আছে? মসজিদ নিয়ে দরদ থাকলে তারা জমি কিনে মসজিদ তৈরী করুক।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান বলেন, সরকারি প্রতিষ্ঠানের আওতায় কোনো মসজিদ বা অন্য কোনো ধর্মীয় প্রতিষ্ঠান থাকলে সরকারি কর্মকর্তা সিদ্ধান্ত নেবেন প্রতিষ্ঠানটির পরিচালনায় কারা থাকবেন। এসব প্রতিষ্ঠানের কমিটিতে বাইরের লোকজনের থাকার কোনো সুযোগ নেই।

স্নাতক পাসে চাকরি দেবে রেনেটা, ভ্রমণের মানসিকতা থাকতে হবে

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে রেনেটা লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘প্রফেশনাল সার্ভিস অফিসার ’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারেন।

পদের নাম: প্রফেশনাল সার্ভিস অফিসার

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে স্নাতক পাস হতে হবে। (এইচএসসি লেভেল পর্যন্ত বিজ্ঞানের পটভূমি)। বয়স সর্বোচ্চ ২৮ বছর। ইংরেজি এবং বাংলা উভয় ভাষায় যোগাযোগে দক্ষ। ব্যাপকভাবে ভ্রমণ এবং বাংলাদেশের যেকোনো জায়গায় কাজ করতে ইচ্ছুক। সেলস এবং মার্কেটিং ক্যারিয়ারে আগ্রহী।

কর্মস্থল: বাংলাদেশের যেকোনো স্থানে।

বেতন: আলোচনা সাপেক্ষে।

আবেদনের প্রক্রিয়া: প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ: ৪ আগস্ট, ২০২২।

সূত্র : বিডিজবস

নিরুত্তাপ ভোট কেন্দ্রগুলো

নিরুত্তাপ ভোট কেন্দ্রগুলো। নির্বাাচনী কেন্দ্রগুলোতে মোবাইলে গেম খেলে ও ফেইসবুক ঘাটাঘাটি করেই পুলিশ ও আনসার সদস্যরা অলস সময় পার করছেন।

সকাল ৮ টার সময় ভোট গ্রহণ শুরু হলেও অধিকাংশ ভোট কেন্দ্রে সকাল সাড়ে ৯ টা পর্যন্ত ভোটারের দেখা মেলেনি। মেহেরপুর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ৯ টা ৫৫ মিনিট পর্যন্ত ভোট পোল হয়েছে ১৩ টি। এর মধ্যে নারী ভোট পোল হয়েছে ২ টি। ওই ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার এ্এইচএম রাশেদুল হক বলেন এখানে ভোটার ১৮৬৩। ৪ টি বুথে ভোট গ্রহণ চলছে। সকাল ৯.৫৫ মিনিট পর্যন্ত ভোট পোল হয়েছে মাত্র ১৩ জন। এই ভোট কেন্দ্রটি উপনির্বাচনের হেভিওয়েট প্রার্থী নিসান সাবেরের।

এদিকে সকাল ১০ টার সময় পর্যন্ত মেহেরপুর সরকারী বালক উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট পোল হয়েছে মাত্র ২৩ টি।বুড়িপোতা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ১০ টা ১৫ মিনিটের সময় পর্যন্ত ভোট পোল হয়েছে মাত্র ৯ টি, উজুলপুর মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ১০.১০ মিনিট পর্যন্তÍ ভোট পোল হয়েছে ২৫ টি ও সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট পোল হয়েছে মাত্র ২৩ টি। এভাবেই চলছে ভোট গ্রহণ।

উপনির্বাচনের ভাইসচেয়ারম্যান প্রার্থী সাবেক যুবলীগের নেতা নিসান

সাবের সকাল ৯ টার সময় মেহেরপুর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট প্রদান করেন। শালিকা মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট প্রদান করেন আবুল হাসেম। আলফাজ হোসেন ভোট প্রদান করেন আমঝুপি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ও শামীম উদ্দীন ভোট দেন মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় ভোট কেন্দ্রে।

মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন ভোট কেন্দ্রে দেখা গেছে প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার, পুলিশ ও আনসার সদস্যরা বসে বসে মোবাইল গেমস খেলে অথবা ফেইসবুক ঘাটাঘাটি করে অলস সময় পার করছেন। মাঝে মধ্যে দু একজন ভোটার আসলেও তারা নিজ দায়ীত্বে ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিচ্ছেন।

এদিকে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান ও পুলিশ সুপার রাফিউল আলম ভোট কেন্দ্রগুলোতে পরিদর্শন করেছেন।

রিটার্নিং অফিসার আবু আনছার বলেছেন, ভোটকেন্দ্রগুলোতে নিরাপত্তার জন্য সকল ধরণের ব্যবস্থা নেয়া হয়েছে। মেহেরপুর সদর উপজেলা ভাইসচেয়ারম্যান পদে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করছেন।

মোট ৮৮ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ চলছে। মোট ভোটার নারী ভোটার ১ লাখ ৪ হাজার ৮৩৬ ও পুরুষ ভোটার ১ লাখ ৫ হাজার ১৪৭ জন।